২০০১
পৃঃ ৫ কলাম ৪

# শিক্ষক সমিতিসহ ৫ কমিটির ৩৪ পদের ৩০টিতেই হলুদ প্যানেল জয়ী

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, ডিন, সিন্ডিকেট, শিক্ষা পরিষদ এবং পরিকল্পনা ও উন্নয়ন কমিটির গতকাল বৃহস্পতিবারের নির্বাচনে আওয়ামী লীগ ও বাম সমর্থিত হলুদ প্যানেল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে।

বিএনপি ও জামায়াত সমর্থিত সাদা প্যানেল মোট ৩৪টি পদের মধ্যে মাত্র চারটি পদে জয়লাভ করেছে।

শিক্ষক সমিতিতে হলুদ প্যানেল থেকে নির্বাচিতরা হলেন, সভাপতি অধ্যাপক মিজান উদ্দিন, সাধারণ সম্পাদক শফিকুন নবী সামাদী। অন্যরা হচ্ছেন শাহনেওয়াজ আলী, সুশান্ত কুমার ভট্টাচার্য, রুস্তম আলী, আতর আলী, মোস্তাফিজুর রহমান, রেজাউল করিম, ওয়ালিউল হাসনাৎ, জুলফিকার আলী, আবু বকর মোঃ ইসমাইল, মজিবর রহমান, মুশফিক আহমেদ ও শহীদুল ইসলাম। সাদা প্যানেল থেকে শিক্ষক সমিতিতে একমাত্র জয়ী নুরুল আমীন।

হলুদ প্যানেল থেকে ডিন পদে বিজয়ীরা হলেন কলা অনুষদে খানম মমতাজ, সামাজিক অনুষদে আব্দুর রহমান, বাণিজ্য অনুষদে আব্দুল মজিদ। সাদা প্যানেলের বিজয়ীরা হলেন ফাইসুল ইসলাম ফারুকী এবং জীব ও ভূবিজ্ঞান অনুষদে আঃ সালাম, আইন ও কৃষি অনুষদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন হাবিবুর রহমান এবং আঃ খালেক।

সিন্ডিকেটে হলুদ প্যানেলে বিজয়ীরা হলেন প্রাধ্যক্ষ পরিষদে মোখলেসুর রহমান, সহযোগী অধ্যাপক পদে রফিকুল ইসলাম, সহকারী অধ্যাপক পদে ফায়েকউজ্জামান, প্রভাষক পদে প্রণব কুমার পান্ডে, সাদা প্যানেলে বিজয়ী হয়েছেন অধ্যাপক পদে আব্দুল কাদির ভুঁইয়া।

একাডেমিক (শিক্ষা পরিষদ) কাউন্সিলে হলুদ প্যানেলের বিজয়ীরা হলেন আনসার উদ্দিন, আকতার ফারুক, আবু তাহের, সুজিত কুমার সরকার, আবু ইউনুস খান, মোঃ জাহাঙ্গীর, মজিবুল হক, আজাদ খান, পরিকল্পনা ও উন্নয়ন কমিটির একটি পদে বিজয়ী হলেন হলুদ প্যানেলের